গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

জেলা পরিষদের সদস্যবৃন্দের ওরিয়েন্টেশন প্রোগ্রাম এর কার্যবিবরণী

সভাপতি	ঃ	জনাব আবদুল মালেক
তারিখ	ঃ	১৬ ও ২৩ এপ্রিল, ২০১৭
সময়	ঃ	সকাল ৯.০০
স্থান	ঃ	ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকা

গত ১৬ ও ২৩ এপ্রিল ২০১৭ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা নব নির্বাচিত সদস্যবৃন্দের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার বিভাগ এর সচিব জনাব আবদুল মালেক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রাম-এ জেলা পরিষদের চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা, সদস্যবৃন্দ এবং স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক'।

২। ওরিয়েন্টেশন প্রোগ্রাম-এর প্রারম্ভে চট্টগ্রাম জেলা পরিষদের ৬ নং ওয়ার্ডের সদস্যের মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ হয় এবং প্রোগ্রামে অংশগ্রহণকারীগণ তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের লক্ষ্যে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন। স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন), জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন। বক্তব্যের শুরুতে তিনি উপস্থিত সকলকে স্থানীয় সরকার বিভাগের পক্ষ থেকে স্বাগত জানান। বক্তব্যে জেলা পরিষদের ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক ইচ্ছায় গত ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রথমবারের মতো দেশের ৬১টি জেলায় (তিনটি পার্বত্য জেলা ব্যতীত) নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ২১ সদস্য বিশিষ্ট নির্বাচিত পরিষদ ইতোমধ্যেই দায়িত্বভার গ্রহণ করেছে। জেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে ১০টি বিধি প্রণয়নে কাজ চলমান রয়েছে। বিধিগুলো জারি হলে জেলা পরিষদের কার্যক্রমে আরো গতিশীলতা আসবে মর্মে তিনি জানান। তিনি নব নির্বাচিত জেলা পরিষদের সদস্যদের অভিনন্দন জানিয়ে এ প্রতিষ্ঠানে তাঁদের গঠনমূলক ভূমিকা রাখার আহবান জানান।

৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী স্ব-উদ্যোগে ২০১১ সালে জেলা পরিষদে জনপ্রতিনিধি আনয়নের লক্ষ্যে প্রশাসক নিয়োগ করেন। এ উদ্দেশ্যে জেলা পরিষদ আইনে প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও বিয়োজন করে জেলা পরিষদ নির্বাচন নির্দেশনাও তিনি প্রদান করেন। জেলা পরিষদের কার্যাবলী সম্পর্কে জেলা পরিষদ আইনে উল্লেখ রয়েছে। এসকল বিষয় অবহিতকরণের জন্যই এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২১০০ সালে বাংলাদেশ কেমন হবে সে স্বপ্ন এখন থেকেই দেখতে হবে এবং স্বপ্নের বাংলাদেশ বাস্তবায়নের জন্য কাজ শুরু করতে হবে। এ লক্ষ্য বাস্তবায়নে জেলা পরিষদকে কার্যকর প্রতিষ্ঠানে পরিণত করতে হবে। জেলা পরিষদের কমিটিগুলো গঠনের উপর জোর দিতে হবে।

অ:পৃ:দ্র:

পূর্বপাতা হতে:

ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনায়নের লক্ষ্যে ই-টেন্ডারিং চালু করতে হবে এবং কাজের গুণগত মান অক্ষুণ্ন উন্নয়ন প্রকল্পের কাজ যথা সময়ে সম্পন্ন করতে হবে। তিনি আরো উল্লেখ করেন যে, কেন্দ্রিয় সরকারের দিকে তাকিয়ে না থেকে জেলা পরিষদকে নিজেদের আয়ের উৎস বৃদ্ধি করতে হবে। জেলা পরিষদের আয়ের উৎস বৃদ্ধির জন্য মহাসড়কের পাশে রেস্ট হাউজ, কফি হাউজ, পার্ক, গাড়ি পার্কিং-এর ব্যবস্থা প্রভৃতি কার্যক্রম গ্রহণ করা হবে এবং এর ব্যবস্থাপনায় থাকবে জেলা পরিষদ। একাজে তিনি জেলা পরিষদের সদস্যদের সহযোগিতা কামনা করেন।

৪। জেলা পরিষদের চেয়ারম্যানবৃন্দের পক্ষে জনাব আজিজুর রহমান, চেয়ারম্যান, জেলা পরিষদ, মৌলভীবাজার, জনাব আবু তাহের, চেয়ারম্যান, জেলা পরিষদ, কুমিল্লা, জনাব ইউসুফ খান পাঠান, চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ, জনাব আখতার উজ্জামান, চেয়ারম্যান, জেলা পরিষদ, জনাব মোঃ মতিয়ার রহমান, চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট, শেখ হারুনুর রশীদ, চেয়ারম্যান, জেলা পরিষদ, খুলনা বক্তব্য প্রদান করেন। বক্তাগণ তাদের বক্তব্যে জেলা পরিষদকে আরো কার্যকর করার বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ আর্থিক বরাদ্দ বৃদ্ধির সুপারিশ করেন।

৫। জেলা পরিষদের সদস্যবৃন্দের পক্ষে বেগম সাজনা সুলতানা হক চৌধুরী, মহিলা সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৫, জেলা পরিষদ, সিলেট, জনাব মোহাম্মদ শফিক মিয়া, সদস্য, সাধারণ ওয়ার্ড-১৫, জেলা পরিষদ, কক্সবাজার, বেগম আইরীন রেজা, সংরক্ষিত মহিলা আসন-৫, জেলা পরিষদ, বরিশাল, জনাব মোঃ মারুফ রহমান মনজু, সাধারণ ওয়ার্ড-১০, জেলা পরিষদ, বগুড়া, মোসাঃ হোসনে আরা, সংরক্ষিত মহিলা আসন-০১, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ, জনাব উজ্জল কুমার বসু, সাধারণ ওয়ার্ড-০২, জেলা পরিষদ, পটুয়াখালী বক্তব্য প্রদান করেন। বক্তাগণ তাদের বক্তব্যে সদস্যদের পদমর্যাদা নির্ধারণ, জেলা পরিষদ কার্যালয়ে সদস্যদের বসার ব্যবস্থা করা, সম্মানীর পরিমান উপজেলা পরিষদের চেয়ারম্যানদের চেয়ে কম নির্ধারণ না করা, জেলা ও উপজেলা আইন শৃঙ্খলা কমিটিতে এবং পৌরসভা ও ইউনিয়ন পরিষদে জেলা পরিষদ চেয়ারম্যান/সদস্যদের উপদেষ্টা করার বিষয়টি বিবেচনা করা, শুল্কমুক্ত গাড়ির সুবিধা, জনবল বৃদ্ধি করা, ছোট ছোট প্রকল্প ই-জিপি'র বাহিরে রাখা, বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ ইত্যাদি বিষয়ে কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

৬। সভায় জেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দের উপস্থাপিত মতামত/ সুপারিশ পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রমিক	গৃহীত সিদ্ধান্তসমূহ
১.	জেলা পরিষদের অনেক স্থাবর সম্পদ কালের পরিক্রমায় বেদখল হয়ে গেছে। অনেক স্থাবর সম্পত্তি জেলা প্রশাসকের নামে রেকর্ড হয়ে খাস খতিয়ান ভুক্ত হয়েছে। নির্বাচিত জনপ্রতিনিধিরা জেলা পরিষদের এ সকল স্থাবর সম্পত্তি উদ্ধারের জন্য কাজ করবে।
২.	ডিজিটাল বাংলাদেশের কার্যক্রম সফল বাস্তবায়নে ই-টেন্ডারিংসহ সকল ডিজিটাল সেবা জনগণের দোরগোড়ার পৌছে দেয়ার জন্য জেলা পরিষদকে নিরলসভাবে কাজ করতে হবে।

অ:পৃ:দ্র:

পূর্বপাতা হতে:

৩.	জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রার ১৭টি লক্ষ্যমাত্রার মধ্যে জেলা পরিষদ কর্তৃক করণীয় অনেক কার্যক্রম রয়েছে। সেগুলোর সফল বাস্তবায়ন করে এসডিজি'র লক্ষ্য মাত্রা অর্জনে সহায়তা করতে হবে
৪.	জেলা পরিষদের সকল শূন্য পদ পুরণের ব্যবস্থা গ্রহণ করা হবে
৫.	জেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সদস্যদের পর্যায়ক্রমে বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে
৬.	প্রত্যেক সদস্যের পৃথক ই-মেইল আইডি থাকতে হবে
৭.	স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নির্বাচিত প্রতিনিধিদের মর্যাদা, সম্মান যাতে সমুন্নত থাকে সেদিকে সর্বদা দৃষ্টি রাখা হবে।
৮.	সকল ক্ষেত্রে জেলা পরিষদ সদস্যগণ যাতে উন্নয়নমূলক কার্যক্রমে অংশ গ্রহণ করতে পারেন তার ব্যবস্থা করা হবে

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর
তারিখ: ১১/৫/২০১৭
(আবদুল মালেক)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং-৪৬.০৪২.০০০০.০০০.২৯.০০১.১৭.১০৫৬

তারিখ ঃ ৩১ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ / ১৪ মে ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ------------------------।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ---------------------------।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১৪/৫/১৭
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮